RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বিশেষ সংখ্যা, ১০ ফেব্রুয়ারি ২০২৪ ( 10 February 2024)

## কোচবিহারে টেট উত্তীর্ণ চাকরি প্রার্থীদের বিক্ষোভ



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** বুধবার দুপুর সাড়ে বারোটা নাগাদ সাগরদিঘি সংলগ্ন কোচবিহার জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ দপ্তরের সামনে জমায়েত হয়ে বিক্ষোভ দেখালো ২০২২ সালের টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। চাকরিপ্রার্থীরা অভিযোগ করেন, আদালতের নির্দেশের পরও মেরিট লিস্ট নাম থাকা সত্ত্বেও এখনও কেনো তাদের কাউন্সিলিংয়ের ডাক পড়েনি। তাই এইদিন কোচবিহার জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ দপ্তরের সামনে জমায়েত হয়ে বিক্ষোভ কর্মসূচি চাকরি প্রার্থীদের। তাছাড়াও তারা কাউন্সিলিংয়ের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখার দাবি করেন।

মাননীয়া মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়ের

অনুপ্রেরণায়



ন্যূনতম সহায়ক মূল্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের থেকে ধান কিনছে রাজ্য সরকার

- ন্যূনতম সহায়ক মূল্যে ধান কেনা চলছে স্থায়ী ধান ক্রয় কেন্দ্রের (CPC) পাশাপাশি বিভিন্ন প্রাথমিক কৃষি সমবায় সমিতি, কৃষি বিপণন সমিতি, স্বনির্ভর গোষ্ঠীগুলির সঙ্ঘ বা মহাসঙ্ঘ, কৃষি উৎপাদক সমিতি/কোম্পানি ইত্যাদি সংস্থাগুলির মাধ্যমে।
- নাম নথিভুক্তিকরণের জন্য বা কোনও তথ্য পরিবর্তনের জন্য আর ধান বিক্রির দিন ঠিক করার জন্য খাদ্য দপ্তরের ওয়েবসাইটের (https://epaddy.wb.gov.in) মাধ্যমে নিজেই নিজের আবেদন করতে পারবেন।
- নিজে না পারলে, নিকটবর্তী যে কোনও ধান ক্রয় কেন্দ্র, খাদ্য সরবরাহ দপ্তর এর পরিদর্শকের অফিসে, বাংলা সহায়তা কেন্দ্রে (BSK) যোগাযোগ করতে পারেন।
- ধান বিক্রি করুন সঠিক গুণমান মেনে। মনে রাখবেন, ভালো মানের ধান মানে ভালো মানের চাল যা পরে রেশন দোকানের মাধ্যমে দেওয়া হয় বা মিড ডে মিলে অথবা অঙ্গনবাড়ি কেন্দ্রে শিশুদের খাওয়ানো হয়।

"ধানের ন্যূনতম সহায়ক মূল্য (MSP) কুইন্টাল প্রতি ২১৮৩ টাকা। স্থায়ী ধান ক্রয় কেন্দ্রে (CPC) বা মোবাইল CPC গুলিতে ধান বিক্রি করলে কুইন্টাল প্রতি অতিরিক্ত ২০ টাকা উৎসাহ মূল্য। অর্থাৎ কুইন্টাল প্রতি ধানের মূল্য ২২০৩ টাকা।"

**নিবন্ধিকরণ করার সময় অবশ্যই সঙ্গে রাখুন**

১) ভোটার কার্ড
২) আধার কার্ড
৩) IFSC যুক্ত ব্যাঙ্কের পাস বই
৪) মোবাইল (আধার সংযুক্ত হলে ভালো)
৫) কৃষি জমি সংক্রান্ত নথি বা স্ব-ঘোষণা পত্র







**ধান ক্রয় কেন্দ্রগুলি সরকারি ছুটির দিন বাদে সোমবার থেকে শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৩টে পর্যন্ত খোলা থাকে**

বাংলা সহায়তা কেন্দ্র
এক জানালা পরিষেবা

বিনামূল্যে সমস্ত সরকারি পরিষেবা পেতে নিকটবর্তী বাংলা সহায়তা কেন্দ্রে যোগাযোগ করুন অথবা লগ অন করুন www.bsk.wb.gov.in-এ

বিশদে জানার জন্য ১৯৬৭ বা ১৮০০-৩৪৫-৫৫০৫ নম্বরে ফোন করুন (শুল্ক মুক্ত) বা ৯৯০৩০৫৫৫০৫ নম্বরে হোয়াটসঅ্যাপ করুন বা ওয়েবসাইট দেখুন:
https://epaddy.wb.gov.in / https://food.wb.gov.in/www.facebook.com/WBDFS / X @wbdfs

খাদ্য ও সরবরাহ দপ্তর, পশ্চিমবঙ্গ কর্তৃক জনস্বার্থে প্রচারিত

## মাধ্যমিকে কড়াকড়ির অভিযোগ



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** মাধ্যমিক পরীক্ষার শুরুর দিনে বিস্তর অভিযোগ উঠল কোচবিহারে। এবারে ২ ফেব্রুয়ারি থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়। প্রথমদিন ছিল বাংলা পরীক্ষা। অভিভাবকদের অভিযোগ, মধ্যশিক্ষা পর্ষদের নিয়ম মেনে সকাল সকাল বাড়ি থেকে বেরিয়ে নির্দিষ্ট সময়ে পরীক্ষাকেন্দ্রের সামনে পৌঁছে গিয়েছিল সবাই। তার পরেই কড়াকড়ি শুরু হয়। জলের বোতল, কাঠের বোর্ড, ঘড়ি কোনও কিছুই নিয়ে পরীক্ষাকেন্দ্রে যেতে দেওয়া হয়নি। বাধ্য হয়ে ওই অল্প সময়ে অভিভাবকরা প্লাস্টিকের বোর্ড কিনতে দৌড়ঝাঁপ শুরু করেন। সুযোগ বুঝে ৫০ টাকার বোর্ড ২০০ টাকা নেওয়া হয়েছে বলে অভিযোগ। কোচবিহার থেকে শুরু করে মাথাভাঙা, দিনহাটা সর্বত্রই এমন ঘটনা ঘটেছে বলে অভিযোগ।

মধ্যশিক্ষা পর্ষদের অ্যাডভাইজারি কমিটির কোচবিহার জেলার আহ্বায়ক সঞ্জয় সরকার বলেন, "মধ্যশিক্ষা পর্ষদ আগে থেকেই সমস্ত নিয়ম জানিয়ে দিয়েছিল। প্রত্যেকটি কেন্দ্রেই পানীয় জলের ব্যবস্থা রয়েছে। তাই আলাদা করে জলের বোতল নেওয়ার বিষয় নেই। আর কাঠের বোর্ডের বদলে স্বচ্ছব প্লাস্টিকের বোর্ডের কথা বলা হয়েছিল। কেউ কেউ হয়তো বুঝতে ভুল করেছেন। তবে পরীক্ষা প্রত্যেকেই ভালোভাবে দিয়েছে।" কোচবিহার ও মাথাভাঙার বেশ কয়েকটি স্কুলে কাঠের বোর্ড নিতে বাঁধা দেওয়ার অভিযোগ রয়েছে। সুনীল বর্মণ, নরেশ রায়দের মতো অভিভাবকদের বক্তব্য, "কাঠের বোর্ড যে চলবে না তা আগাম জানানো হয়নি। অন্ততপক্ষে আমরা জানতে পারিনি। সে জন্য ওই বোর্ড নিয়েই পরীক্ষায় হাজির হয় ছাত্র-ছাত্রীরা। পরে পরীক্ষাকেন্দ্রের সামনে বাঁধা পেয়ে নতুন করে প্লাস্টিকের বোর্ড কিনে আনতে হয়েছে প্রত্যেককে। সুনীল বলেন, "৫০ টাকার বোর্ড আমি ২০০ টাকা দিয়ে কিনেছি।" কোচবিহারে একাধিক স্কুলের সামনে ক্ষোভে ফেটে পড়েন অভিভাবকরা। ইন্দিরাদেবী গার্লসের সামনে দাঁড়িয়ে এক অভিভাবক বলেন, "গলা ব্যাথা রয়েছে এক ছাত্রের। তাঁকে গরম জল নিয়ে ঢুকতে দেওয়া হল না। সাধারণ ঘড়িও নিতে দেওয়া হচ্ছে না।"

পাশাপাশি এবারে পুলিশ-বিএসএফ ছাত্রছাত্রীদের পাশে দাঁড়িয়েছে। দিনহাটার গিতালদহের দরিবস, জারিধরলা গ্রাম ধরলা নদীর জন্য বিচ্ছিন্ন হয়ে রয়েছে। সেখান থেকে যাতায়াতে খুব অসুবিধে। বিশেষ করে এবারে মাধ্যমিক পরীক্ষার সময় এগিয়ে আনা হয় প্রায় দেড় ঘন্টা। সাড়ে ৮ টার মধ্যে স্কুলে পৌঁছতে হয় সবাইকে। তা নিয়ে চিন্তায় ছিল ওই গ্রামের ছাত্র-ছাত্রীরা। শেষপর্যন্ত ওই তিন গ্রামের ১৭ জন পরীক্ষার্থীকে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দিয়েছে বিএসএফ।

## পরীক্ষায় বসতে পারল না ৬ জন

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** অ্যাডমিট কার্ড না পেয়ে পরীক্ষায় বসতে পারল না ৬ জন মাধ্যমিক পরীক্ষার্থী। এবারে ২ ফেব্রুয়ারি থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়। তার আগের দিন পর্যন্ত অপেক্ষা করেও অ্যাডমিট না পেয়ে ক্ষোভে ফেটে পড়ে ওই ছাত্র-ছাত্রীরা। কোচবিহারের চান্দামারি প্রাণনাথ হাইস্কুলের ওই ঘটনা ঘিরে শোরগোল পড়ে গিয়েছে। ওই বিষয় নিয়ে একাধিক জায়াগায় অভিযোগ জানিয়েছে ছাত্র-ছাত্রীরা। প্রাণনাথ হাইস্কুলের প্রধানশিক্ষক কার্তিক বর্মণ বলেন, "আমাদের স্কুল থেকে এবারে ৩১৯ জন মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। ওই ছয়জনের বিষয়টি আমার অগোচরে ছিল। ওদের ফর্মপূরণের ক্ষেত্রে আমার সই জাল হয়েছে। যা নিয়ে পুলিশে অভিযোগ জানিয়েছি। শেষমুহূর্তে ওই ছাত্র-ছাত্রীরা আমার কাছে আসে। তখন কিছু করা যায়নি।" পরীক্ষা দিতে না পারা এক ছাত্রীর কথায়, "আমরা ফর্মপূরণ করেছি। টাকাও জমা দিয়েছি। তার পরেও পরীক্ষা দিতে পারলাম না। এই ঘটনায় উপযুক্ত ব্যবস্থা নেওয়ার দাবি করছি আমরা।"

## কোচবিহারে সরস্বতী পুজোর তোড়জোড়



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** সামনেই সরস্বতী পুজো, হিন্দুধর্মে দেবী সরস্বতীকে বিদ্যার দেবী বলা হয়। দেবীর আরাধনা করলে বিদ্যাবুদ্ধি লাভ করা যায়। এই বছর ১৪ই ফেব্রুয়ারি বসন্ত পঞ্চমী তিথিতে দেবী সরস্বতী পূজিত হবে। তাই প্রতিবছর পঞ্চমী তিথিতে সরস্বতী পূজা করা হয়। সরস্বতী পূজার অপেক্ষায় আমরা চেয়ে বসে থাকি। দুর্গাপূজা, কালীপূজার পর আমরা সরস্বতী পূজার অপেক্ষায় বসে থাকি। এই মুহূর্তে সরস্বতী ঠাকুরের প্রতিমা করতে ব্যস্ততা তুঙ্গে মৃৎশিল্পীদের। কোচবিহার পালপাড়া এলাকার এক মৃৎশিল্পী বলেন, প্রতিবছরের ন্যায় এ বছরও আমরা সরস্বতী ঠাকুর তৈরি করছি। প্রায় একমাস আগের থেকেই ঠাকুর নেওয়ার জন্য বায়না শুরু করেছেন ক্রেতারা। তবে শীতের মরশুমে ঠাকুর তৈরিতে একটু অসুবিধার সম্মুখীন হতে হয়। এই মৌসুমে ঠিক-ঠাক রোদ না থাকায় ঠাকুর গড়তে গিয়ে ও রং করতে গিয়ে একটু অসুবিধার সম্মুখীন হতে হয়। এতে ক্রেতাদের একাংশদের আমরা তাদের চাহিদা মত যোগান দিতে পারি না। তবে মৃৎশিল্পী পুলক পালের কাছে ঠাকুরের দাম নিয়ে কথা বললে তিনি জানান ঠাকুরের দাম তেমন কিছু বাড়েনি তবে কারিগরের কিছু হাজিরা বাড়ায় আমাদের বাধ্য হয়ে ঠাকুরের দামও একটু বেশি রাখতে হচ্ছে।

# ব্যাংক কর্মীদের আটকে রাখল গ্রামবাসীরা

**নিজস্ব সংবাদদাতা, মালদা:** ব্যাংক লোন পরিশোধ হয়ে গেলেও এখনও লোনের টাকা নেওয়ার অভিযোগ তুলেছেন গ্রাহকরা। এমনই অভিযোগ তুলে এলাকাবাসী একটি বেসরকারি সংস্থার কর্মীদের আটকে রেখে বিক্ষোভ দেখাতে থাকে বামনগোলা ব্লকের জগদল্লা গ্রাম পঞ্চায়েতের জেটরুল গ্রামের ঘটনা। এলাকাবাসী অভিযোগ লোনের কিস্তি ঠিকমতন পরিশোধ করলেও ওই সংস্থার কর্মীরা জানান টাকা পরিশোধ হয়নি এই নিয়ে এলাকাবাসী ওই বেসরকারি সংস্থার কর্মীদের আটকে রেখে বিক্ষোভ দেখাতে থাকে। এই বিষয় নিয়ে খবর দেওয়া হয় পাকুয়াহাট ফাঁড়ির পুলিশের কাছে, খবর পেয়ে পুলিশ ছুটে আসে ঘটনাস্থলে অবশেষে ওই সংস্থার লোন রিকোভারির দুই কর্মীকে পাকুয়াহাট ফাঁড়ির পুলিশ উদ্ধার করে নিয়ে যায়।



এলাকাবাসীরা জানান, এসকে নামক একটি সংস্থার কাছ থেকে লোন নেওয়া হয় তাদের অভিযোগ ২০২১ সালে লোন নেওয়া হয়েছিল প্রায় ৭০ হাজার টাকার মতো দুই বছরের মধ্যে কিস্তি পরিশোধ হলেও মাঝে মধ্যেই ওই সংস্থার ব্যাংকে থেকে ফোন করে বলা হচ্ছে তাদের লোন পরিশোধ হয়নি, কখনো বলা হচ্ছে ৭৮ হাজার কখনো ৬৫ হাজার লোন বাকি রয়েছে। দুই বছর ধরে আমাদের টাকা কোথায় জমা পড়েছে আমরা জানতে চাই। তাই সংস্থার কর্মীদের আমাদের গ্রামের বাসিন্দারা আটকে রেখেছে। তাদের দাবি লোনের টাকা পরিশোধ হওয়া সত্ত্বেও তাদের লোন বাকি রয়েছে বলে জানানো হচ্ছে। ওই সংস্থার কর্মীরা জানান, আমাদের আটকে রেখেছে এ বিষয়ে তাদের কোম্পানির সিনিয়র ম্যানেজার যা বলার বলবেন।

# একশো দিনের কাজের টাকার আশায় শ্রমিকরা

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** মুখ্যমন্ত্রীর ঘোষণার পরে একশো দিনের কাজের শ্রমিকদের আশ্বস্ত করলেন তৃণমূলের প্রাক্তন সাংসদ পার্থপ্রতিম রায়। ৫ ফেব্রুয়ারি সোমবার তৃণমূলের মুখপাত্র পার্থপ্রতিম রায় গিয়েছিলেন কোচবিহারের চকচকা গ্রামে। সেখানে শ্রমিকরা পার্থপ্রতিমকে কার্যত ঘিরে ধরেন। অনেকে জবকার্ড হাতে নিয়েও সেখানে পৌঁছে যান। ওই শ্রমিকরা পার্থপ্রতিমকে জানান, তাঁরা কেউ একমাস, কেউ দুইমাস কাজ করেছেন। সেই কাজের টাকা পাননি। মুখ্যমন্ত্রীর ঘোষণার তাঁরা টাকা পাবেন কি না পার্থপ্রতিমের কাছে জানতে চান। পার্থ জানান, তিনি চকচকা গ্রাম পঞ্চায়েত এলাকার সাহেব কলোনিতে একটি সামাজিক অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। সেখানে ওই গ্রামের একশো দিনের কাজের শ্রমিকরা পৌঁছে গিয়েছিলেন। তিনি বলেন, " ২১ ফেব্রুয়ারির মধ্যে মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সকলের একাউন্টে তাদের পাওনা মজুরি মিটিয়ে দেবেন। প্রত্যেকেই মুখ্যমন্ত্রীর আশ্বাসে খুশি।"

বিজেপি অবশ্য ওই ঘটনার পিছনে রাজনীতি রয়েছে বলে দাবি করে। বিজেপির কোচবিহার জেলার সাধারণ সম্পাদক বিরাজ বসু বলেন, "লোকসভা ভোটের মুখে রাজনীতি করছে তৃণমূল। দুর্নীতিগ্রস্ত ওই দলের কথা মানুষ বিশ্বাস করছে না। আর এই টাকা কোথা থেকে আসবে তা নিয়েক আমরা তদন্তের দাবি তুলছি।"

প্রায় দুই বছর ধরে একশো দিনের কাজ বন্ধ হয়ে রয়েছে কোচবিহারে। ওই প্রকল্পে কোটি কোটি টাকা বকেয়া রয়েছে। তা নিয়ে মানুষ ক্ষুব্ধ। অভিষেক বন্দ্যোপাধ্যায় ওই টাকার দাবিতে দিল্লি গিয়ে অবস্থান করেন। তাতেও কোনও কাজ হয়নি। সম্প্রতি কোচবিহারে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানান, তিনি ওই বরাদ্দের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে দরবার করেছেন। তার পরেই ওই টাকার দাবিতে আন্দোলনের কথা ঘোষণা করেন। দিন কয়েক ধরে কলকাতায় ধর্ণা আন্দোলনও শুরু করেন তিনি। সেই মঞ্চ থেকেই দু'দিন আগে একশো দিনের কাজের বকেয়া টাকা মিটিয়ে দেওয়ার কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

## ভার্চুয়ালি বাস উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের ৩১ টি বাসের ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৭ ফেব্রুয়ারি মঙ্গলবার কোচবিহারের নিগমের কেন্দ্রীয় বাস টার্মিনাসে একটি মঞ্চ তৈরি করা হয়। মুখ্যমন্ত্রীর ভার্চুয়ালি উদ্বোধন উপলক্ষ্যে সেখানেও একটি অনুষ্ঠান হয়। এলইডি স্ক্রিনের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ওই অনুষ্ঠান দেখানোর ব্যবস্থা করা হয়। সেই সঙ্গে এদিন বালুরঘাটে বাস টার্মিনাস ও শিলিগুড়ির মাল্লাগুড়িতে বাস ডিপোর আধুনিকীকরণের কাজের সূচনাও হয়। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায় বলেন, "নতুন ৩১ টি বাসের উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী। নানা রুটে ওই বাস চলাচল করবে। এ ছাড়া আরও দুটি নিগমের প্রকল্পের সূচনা করেছেন মুখ্যমন্ত্রী।" পার্থপ্রতিম জানান, ওই বাসগুলির মধ্যে ৭ টি করে বাস রায়গঞ্জ, শিলিগুড়ি ও বহরমপুর ডিভিশন থেকে চলবে। কোচবিহার ডিভিশনে রয়েছে দশটি বাস।

## বেআইনি অস্ত্র কারবারীকে গ্রেফতার করল এসটিএফ

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** ছক কষে গভীর রাতে অস্ত্রপাচার চক্রের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল স্পেশাল টাস্ক ফোর্স। ৩১ জানুয়ারি বুধবার রাতে কোচবিহারের দিনহাটার বাংলাদেশ সীমান্ত সাহেবগঞ্জ থানার বাসন্তীরহাট ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংকের কাছ থেকে অভিযুক্তকে গ্রেফতার করা হয়। ধৃতের নাম ভোলা মিয়াঁ। তার বাড়ি দিনহাটার স্টেশনপাড়ায়। ধৃতের কাছ থেকে দুটি সেভেন এমএমএম পিস্তল, চারটি ম্যাগাজিন এবং দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান, ওই ঘটনায় সাহেবগঞ্জ থানায় একটি মামলা রুজু করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স জানতে পারে, বুধবার রাতে আগ্নেয়াস্ত্র হাতবদল করা হবে। সে মতোই ছক কষে গোটা এলাকা ঘিরে ফেলে এসটিএফ জওয়ানরা। এর পরেই অভিযুক্ত সেখানে পৌঁছালে তাকে গ্রেফতার করা হয়। তদন্তকারী অফিসাররা মনে করছে, ওই কারবারের সঙ্গে একটি চক্র জড়িয়ে রয়েছে। বিহারের মুঙ্গের থেকে ওই অস্ত্রগুলি নিয়ে আসা হয়েছে। সে মতো এসটিএফের কাছে খবর পৌঁছায়, বেশকিছু অস্ত্র বাসন্তীর হাটে নিয়ে গিয়ে বিক্রি করা হবে। আর তারপরেই এসটিএফ দলের পক্ষ থেকে বিশাল টিম বাসন্তীরহাট এলাকায় নজরদারি শুরু করে। ভোলা মিয়াঁ সেইসব অস্ত্র বিক্রির উদ্দেশ্যে বাসন্তীরহাটে নিয়ে যায়। যার কাছে বিক্রি করা হবে তিনি আসার আগেই অস্ত্রসহ ভোলা মিয়াঁকে এসটিএফ দল গ্রেফতার করে। তদন্তে আরও জানা গিয়েছে, অসমের কোনও ব্যক্তির কাছে অস্ত্র বিক্রি করা হত। সেই ব্যক্তির খোঁজ শুরু করেছে পুলিশ।

## গোলাপ দিবস

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** ফেব্রুয়ারি মানেই প্রেমের মাস। বাঙালির সরস্বতী পুজো, ভ্যালেন্টাইন্স ডে এই ফেব্রুয়ারি মাসেই তবে শুরুটা হয় রোজ ডে দিয়ে। ফেব্রুয়ারি মাসের ৭ তারিখ পালিত হয় রোজ ডে। প্রেমের কবিতা ও গল্পে বার বার ঘুরে ফিরে এসেছে গোলাপ। সৌন্দর্য, ভালবাসার প্রতীক লাল গোলাপ। সময়ের সঙ্গে সঙ্গে প্রেমের ধরণ বদলে গেলেও প্রেম নিবেদনের ভাষা হিসেবে লাল গোলাপের আবেদন চিরন্তন। প্রেমিক-প্রেমিকা হোক বা যে কোনও প্রিয়জনকে গোলাপ উপহার দেওয়ার দিন হল এই দিন। ভালোবাসার ফুল গোলাপ। ভালবাসার ভাষা বুঝতে ও বোঝাতে পারে গোলাপ। তাই উপহার হিসেবে গোলাপেরই চাহিদা এখন সবার উপরে। লাল, হলুদ, সাদা, গোলাপি বিভিন্ন রঙের সঙ্গেই বদলে যায় গোলাপের ভাষা ও আবেদন। তাই রঙ অনুযায়ী গোলাপেরও আছে নানা মাহাত্ম্য। কোচবিহারেও বিভিন্ন ফুলের দোকানে গোলাপের চাহিদা ছিল আকাশ ছোঁয়া। সকাল থেকেই গোলাপ ফুল কেনার জন্য ক্রেতাদের ভিড় ছিল চোখে পড়ার মতো। ফুল ব্যবসায়ীরাও খুশি ক্রেতাদের ভিড় দেখে, তবে অন্যান্য দিনের তুলনায় এই দিন গোলাপ ফুলের দাম ছিল একটু বেশি। ফুল ব্যবসায়ীরা বলেন, গোলাপ ফুলের যোগান কম হওয়ায় একটু বেশি দামে বিক্রি করতে হচ্ছে গোলাপ ফুল। তবে এই নিয়ে ক্রেতাদের কোন মাথা ব্যাথা নেই। এরকমই এক ক্রেতা বলেন, প্রিয়জনকে গোলাপ ফুল দিতে গেলে একটু দাম বেশি দিতে হলেও কোন অসুবিধা হচ্ছে না।

## লায়ন্স ক্লাবের সদস্যকে মারধরের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** লায়ন্স ক্লাবের এক সদস্যকে মারধর করার অভিযোগ উঠেছে। মঙ্গলবার ওই ঘটনায় অভিযুক্তদের দ্রুত গ্রেফতারের দাবিতে কোচবিহার পুলিশ সুপারের দফতরে স্মারকলিপি দেন লায়ন্স ক্লাবের সদস্যরা। তাঁদের অভিযোগ, গত শনিবার রাতে কালীপুজোর নিমন্ত্রণে এক চিকিৎসকের বাড়িতে গিয়েছিলেন ওই সদস্য। সেখান থেকে বেরোনোর পরেই তাঁকে মারধর করা হয়। গুরুতর অবস্থায় ওই ব্যক্তি বর্তমানে শিলিগুড়ির একটি নার্সিংহোমে চিকিৎসাধীন। পুলিশ দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে।

## লক্ষ্মীর ভাণ্ডার বৃদ্ধি

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** লক্ষ্মীর ভাণ্ডার বৃদ্ধির ঘোষণা। মুখ্যমন্ত্রী লক্ষ্মীর ভাণ্ডারের সমস্ত সুবিধাভোগীরা ভাতা বৃদ্ধি করা হবে। সাধারণ শ্রেণীর জন্য ৫০০ টাকা থেকে ১,০০০ টাকা এবং তপশিলি জাতি ও তপশিলি উপজাতির জন্য ১,০০০ থেকে ১,২০০ টাকা করা হল। আগামী পয়লা এপ্রিল থেকে ঘোষিত অর্থের নতুন পরিমাণটি পাবেন লক্ষ্মীর ভান্ডারের প্রাপকরা।

# দালালচক্র রুখতে কড়া পদক্ষেপ



**নিজস্ব সংবাদদাতা, মালদা:** স্বাস্থ্যসাথী কার্ড নিয়ে দালালচক্র রুখতে কড়া পদক্ষেপ নিল মানিকচক ব্লক প্রশাসন। ৭০০ টাকার বিনিময়ে কার্ড বানিয়ে দেওয়ার অভিযোগ উঠেছিল বিগত কয়েকদিন আগে। ফলে নড়েচড়ে বসল প্রশাসন। বৃহস্পতিবার মানিকচকের বিডিও করমবীর কেশব ব্লক চত্বরে থাকা প্রায় ১৫ টি অবৈধ দোকান বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয়। এমনকি বেশ কিছু দালালকে চিহ্নিত করে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে মানিকচক থানায়। বুধবার ব্লক প্রশাসনিক ভবনে স্বাস্থ্যসাথী কার্ড করতে এসে ঘুরে যেতে হয় কয়েকজনকে। সেই সময় ব্লক চত্বরে থাকা দালালরা তাদের কাছে ৭০০ টাকা দাবি করে বলে অভিযোগ। টাকা দিলেই কার্ড করিয়ে দেওয়া হবে বলে দালালরা তাদের জানায়। ব্লকের বাইরে দেওয়াল ঘেসে থাকা সমস্ত অবৈধ দোকান ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়। ঘটনাস্থলে ডাকা হয় মানিকচক থানার বিশাল পুলিশ বাহিনীকে। এরপর ভেঙে ফেলা হয় অবৈধ দোকানগুলো।

# তৃণমূলের মন্দির পরিষ্কার কর্মসূচি



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** লোকসভা ভোটের আগে নিজেদের ভোটব্যাঙ্ক বাড়াতে মন্দির পরিষ্কার কর্মসূচিতে নামল তৃণমূল। মঙ্গলবার দুপুর দুটো নাগাদ দিনহাটা শহরের একাধিক মন্দির পরিষ্কার কর্মসূচির মধ্য দিয়ে একদিকে যেমন নিজেদের ভোট ব্যাংক বাড়ানোর লক্ষ্য তেমনি জনসংযোগ কর্মসূচি শুরু করল তৃণমূল কংগ্রেস। এইদিন এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন দিনহাটা পৌরসভার চেয়ারম্যান গৌরিশংকর মহেশ্বরী, ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরী, দিনহাটা শহর ব্লক তৃণমূলের সভাপতি বিশু ধর, তৃণমূল যুবনেতা পার্থ সাহা থেকে শুরু করে আরো অন্যান্যরা। প্রথমে এদিন শহর সংলগ্ন বাবুপাড়া এলাকার মাশান পাঠ মন্দিরে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচি করেন তারা এরপরেই সেখান থেকে চলে আসেন দিনহাটা শহরের থানা পাড়া মন্দিরে সেখানে কর্মসূচি সেরে শহরে অন্যান্য ওয়ার্ডে পৌঁছে যান তারা।

# বাইক দুর্ঘটনায় মৃত ১ আহত ২

**নিজস্ব সংবাদদাতা, সিতাই:** সিতাই বিডিও অফিস সংলগ্ন এলাকায় বাইক দুর্ঘটনায় মৃত এক আহত দুই। বুধবার দুপুর বারোটা নাগাদ মৃত ব্যক্তির দাদা সংবাদমাধ্যমকে বলেন, গতকাল রাতে তার ভাই পরিতোষ বর্মন সহ আরো দুইজন কোন এক বাড়িতে নিমন্ত্রণ খেতে গিয়েছিলেন। সেই নিমন্ত্রণ খেয়ে বাড়ি ফেরার পথে রাত আনুমানিক এগারোটা সাড়ে এগারোটা নাগাদ এই দুর্ঘটনার খবর তারা পান। এই বিষয়ে সিতাই থানা সূত্রে জানা গিয়েছে বুধবার রাত আনুমানিক এগারোটা নাগাদ সিতাই থানার পুলিশের পেট্রোলিং গাড়িটি যখন নিত্যদিনের মতন ডিউটি করছিল ঠিক তখন সিতাই বিডিও অফিস সংলগ্ন এলাকায় রাস্তায় বাইক দুর্ঘটনা দেখতে পায়। তৎক্ষণাৎ পুলিশকর্মীরা গিয়ে গুরুতর আহত অবস্থায় তিনজনকে উদ্ধার করে সিতাই ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। তবে তিনজনের মধ্যে ধুমেরখাতা গ্রামের বাসিন্দা বছর সাতাশের পরিতোষ বর্মনকে কর্তব্যরত চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। বাকি দুজনকে দিনহাটা মহকুমা হাসপাতালে রেফার করা হয় তবে বর্তমান খবর লেখা অবধি বাকি দুইজন কোচবিহারে চিকিৎসাধীন। যদিও আহত দুজনের নাম প্রকাশ করেনি সিতাই থানার পুলিশ। রাতেই পরিতোষের মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায় পুলিশ। ময়নাতদন্তের জন্য মাথাভাঙ্গা হাসপাতালের মর্গে পাঠায়।

# কোটাকের নতুন চেয়ারম্যান মি. সি এস রাজন



**কলকাতা:** কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড দু বছরের পার্ট টাইম চেয়ারম্যান হিসেবে মি. সি এস রাজনকে নিযুক্ত করেছে। ১ জানুয়ারী ২০২৪ থেকে এই পদ কার্যকর হবে।

বর্তমান পার্ট-টাইম চেয়ারম্যান মিঃ প্রকাশ আপ্তে-এর কাজের মেয়াদ শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৩ তিরিখে। মি. সি এস রাজন ৪০ বছরেরও বেশি সময়ের কাজের অভিজ্ঞতা সম্পন্ন একজন সফল ব্যক্তি। তিনি ২২ অক্টোবর ২০২২ থেকে ব্যাঙ্কের বোর্ডে একজন স্বাধীন পরিচালক হিসাবে নিযুক্ত হন। ১৯৭৮ সালের ব্যাচের একজন আইএএস অফিসারও। তিনি ২০১৬ সালে রাজস্থান সরকারের মুখ্য সচিব হিসাবে অবসর গ্রহণ করেন। এসএসআই/এমএসএমই সহ শক্তি, মহাসড়ক, জলসম্পদ এবং শিল্পের মতো গুরুত্বপূর্ণ পরিকাঠামো খাতে, কৃষি ও গ্রামীণ উন্নয়নে ১৪ বছর কাজ করেছেন। ৩৮ বছরের আইএএস পদে চাকরির সময় তিনি মানবসম্পদ, অর্থ ও সাধারণ প্রশাসনের কাজে অভিজ্ঞতা অর্জন করেছেন। অন্যান্য রাজ্যে বিশ্বব্যাঙ্কের প্রকল্প পর্যালোচনার জন্য ইন্টার-ডিসিপ্লিনারি দলে কাজ করেছেন এবং 'কৃষি গবেষণা ও সম্প্রসারণ ব্যবস্থায় কৃষকের অংশগ্রহণ' বিষয়ে একটি গবেষণায় বিশ্বব্যাঙ্কের পরামর্শক হিসেবে কাজ করেছেন।

২০১৬ সালের জুলাই মাসে সক্রিয় চাকরি থেকে অবসর নেওয়ার পর, তিনি রাজস্থানের মুখ্যমন্ত্রীদের উপদেষ্টা পরিষদে আড়াই বছরের জন্য ডেপুটি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।

২০১৮ সালের অক্টোবর মাসে মি. রাজনকে ভারত সরকার ইনফ্রাস্ট্রাকচার লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ("IL&FS") বোর্ডে প্রাথমিকভাবে পরিচালক হিসাবে নিযুক্ত করা হয়। তারপরে সাড়ে তিন বছরের জন্য ব্যবস্থাপনা পরিচালক হিসাবে, তারপর এক বছর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কাজ করেন। তারপর থেকে তিনি IL&FS-এর অ-নির্বাহী চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

মি. প্রকাশ আপ্তে, নন-এক্সিকিউটিভ ইন্ডিপেন্ডেন্ট পার্ট-টাইম চেয়ারম্যান, কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক বলেছেন, "রাস্তা, জ্বালানি, কৃষি ও গ্রামীণ উন্নয়ন, শিল্প ও বাণিজ্য সহ ভারতের ভবিষ্যতের জন্য অত্যাবশ্যক সেক্টর জুড়ে মি. রাজনের দক্ষতা ব্যাঙ্কের বৃদ্ধিতে অবদান রাখবে।"

কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও মি. দীপক গুপ্তা বলেছেন, "আমরা মি. প্রকাশ আপ্তেকে ধন্যবাদ জানাই। মি. সি এস রাজনকে ব্যাঙ্কের বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগের জন্য অভিনন্দন জানাতে চাই।"

# উত্তরপ্রদেশে ১৩৫০ টি Tata LPO 1618 সরবরাহের অর্ডার পেল টাটা

কলকাতা: ভারতের বৃহত্তম বাণিজ্যিক যানবাহন প্রস্তুতকারক, টাটা মোটরস এবার উত্তরপ্রদেশ স্টেট রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনের থেকে বড় অর্ডার পেল। Tata LPO 1618 ডিজেল বাস চেসিসের ১৩৫০ ইউনিট সরবরাহ করতে হবে।

আন্তঃনগর এবং দূর ভ্রমণের জন্য তৈরি, Tata LPO 1618 BS6 উচ্চতর কর্মক্ষমতা সম্পন্ন এবং যাত্রীদের আরাম দিয়ে থাকে। সরকারী টেন্ডারিং প্রক্রিয়ার মাধ্যমে পরিচালিত একটি প্রতিযোগিতামূলক ই-বিডিং প্রক্রিয়া অনুসরণ করে টাটা মোটরস এই অর্ডারটি জিতেছে।

আদেশটি পেয়ে টাটা মোটরসের সিভি প্যাসেঞ্জারস বিভাগের বিজনেস হেড এবং ভাইস প্রেসিডেন্ট মিঃ রোহিত শ্রীবাস্তব, বলেছেন, "পাবলিক ট্রান্সপোর্টকে আরও কার্যকর এবং দক্ষ করে তোলা আমাদের লক্ষ্য। আমরা উত্তরপ্রদেশ রাজ্য সরকার এবং ইউপিএসআরটিসিকে আবারও ধন্যবাদ জানাই যারা আমাদের একটি আধুনিক বাস চেসিস সরবরাহ করার সুযোগ দিচ্ছে। Tata LPO 1618 এর রয়েছে শক্তিশালী বিল্ড, ভালো গুণমানের ইঞ্জিনিয়ারিং এবং কম রক্ষণাবেক্ষণের সুবিধা। এটি সর্বোত্তম-শ্রেণীর উৎপাদনশীলতা সরবরাহ করার জন্য ডিজাইন এবং ইঞ্জিনিয়ার করা হয়েছে। আমরা ইউপিএসআরটিসি-এর নির্দেশনা অনুযায়ী সরবরাহ শুরুর অপেক্ষায় রয়েছি।"

Tata Motors ভারত জুড়ে বিভিন্ন শহর ও রাজ্যে উন্নত বাস এবং পাবলিক ট্রান্সপোর্টেশন সমস্যার সমাধান সরবরাহ করে। আজ অবধি আটান্ন হাজারেরও বেশি বাস একাধিক রাজ্যে সরবরাহ করা হয়েছে। ভারতীয় রাস্তায় টাটার কয়েক হাজার বাস সফলভাবে চলছে, যেগুলো মানুষকে আরামদায়ক ভ্রমণের সুযোগ করে দিচ্ছে।

# নতুন বছরে প্রবেশ করুন ওডিশার IHCL হোটেলের বিশেষ অফারের সাথে



**শিলিগুড়ি:** ডিএন স্কোয়ারের বিভান্ত ভুবনেশ্বরে উদযাপন করুন নতুন বছর, যা ওড়িশার ব্যবসায়িক জেলা, কলিঙ্গ শহরে অবস্থিত। এখানে নতুন বছর উপলক্ষে অতিথিরা বিলাসবহুলভাবে থাকার পাশাপাশি বিশেষ বিশেষ অফার উপভোগ করতে পারবে। হোটেলের সেরা অফারগুলির মধ্যে রয়েছে মিন্ট-এর ডেইলি বুফে ব্রেকফাস্ট, ডেইলি হোটেল ক্রেডিট মাত্র ১৫০০ টাকায়, এছাড়াও রয়েছে স্পা, সেলুন এবং লন্ড্রি পরিষেবায় ২০% পর্যন্ত ছাড়, ৫ বছরের কম বয়সী ২ টি বাচ্চার জন্য বিনামূল্যে থাকার ব্যবস্থা ও ৫ থেকে ১২ বছরের বাচ্চাদের মাত্র ৫০% এক্সট্রা চার্জে বুফে ব্রেকফাস্ট, অসাধারণ রুম সার্ভিস এবং একই রেটে সিঙ্গেল ও ডাবল রুম।

হোটেলের সুপিরিয়র রুমের রেট ট্যাক্স সহ ৯৫০০ টাকা থেকে শুরু। ২০২৩-এর ৩১শে ডিসেম্বর অতিথিরা খোলা আকাশের নিচে মাস্কেরেড পার্টির পাশাপাশি লাইভ ব্যান্ড, রাশিয়ান পারফরম্যান্স, সেলিব্রিটি ডিজে এবং ফায়ারওয়ার্কস সহ শেফ স্পেশাল বারবিকিউ উপভোগ করতে পারেন মাত্র ১২,৯৯৯ টাকায়। এই উৎসবের মরসুম উদযাপন করতে এবং নতুন বছরকে স্বাগত জানাতে দ্য ক্রাউন, ভুবনেশ্বর - IHCL নির্বাচন-এ আসুন, যা একেবারে শহরের কেন্দ্রে অবস্থিত। অসাধারণ সব খাওয়ার এবং বন্ধুত্বপূর্ণ পরিষেবার সাথে প্রবেশ করুন নতুন বছরে। অফারগুলির সম্পর্কে আরও বিস্তারিতভাবে জানতে যোগাযোগ করুন- +৯১-৬৭৪-৬৮৮৮৮৮৮ নম্বরে।

# আইসিসি-এর সঙ্গে অংশীদারিত্বের মেয়াদ বৃদ্ধি কোকাকোলার

**কলকাতা:** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল এবং কোকাকোলা ২০৩১ সাল পর্যন্ত আট বছরের বৈশ্বিক অংশীদারিত্ব ঘোষণা করেছে। আইসিসির সদর দপ্তরের অনুষ্ঠানে কোকা-কোলা খেলাধুলোর প্রতি নিজেদের প্রতিশ্রুতি রক্ষার বার্তা দেয়।

এই সম্পর্কটি কোকা-কোলা কোম্পানির ব্র্যান্ডগুলিকে নন-অ্যালকোহলিক পানীয়ের বাজারে একচেটিয়া ব্যবসার সুযোগ করে দেবে। চুক্তিতে ২০৩১ সালের শেষ পর্যন্ত আইসিসি ক্রিকেট বিশ্বকাপ, আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ, এবং আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি সহ খেলার শীর্ষস্থানে থাকা সব ইভেন্ট অন্তর্ভুক্ত রয়েছে।

আইসিসির চিফ কমার্শিয়াল অফিসার অনুরাগ দাহিয়া বলেছেন, "আমি কোকা-কোলা কোম্পানিকে আইসিসি-এর গ্লোবাল পার্টনার হিসাবে স্বাগত জানাতে পেরে খুশি। এই দীর্ঘমেয়াদী সহযোগিতা একটি নতুন বাণিজ্যিক যুগের সূচনা করে, যা খেলাধুলার জন্য সম্ভাবনায় ভরা। এই অংশীদারিত্ব শুধুমাত্র আমাদের খেলাধুলার প্রসারই উদযাপন করে না বরং বিশ্বব্যাপী ক্রীড়া-ভক্তদের অভিজ্ঞতা বাড়াতে উদ্ভাবনী সুযোগের প্রতিশ্রুতি দেয়।"

কোকা-কোলা কোম্পানির ভিপি ব্র্যাডফোর্ড রস (গ্লোবাল স্পোর্টস অ্যান্ড এন্টারটেইনমেন্ট মার্কেটিং অ্যান্ড পার্টনারশিপ) বলেছেন, "আমরা আমাদের বৈচিত্র্যময় পোর্টফোলিওর মাধ্যমে ভোক্তাদের আনন্দ দিতে এবং ভক্তদের জন্য অনন্য অভিজ্ঞতা তৈরি করার চেষ্টা করি।"

# এইচডিএফসি-র সাহায্যে অসমের কৃষকরা পাবে প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার সুবিধা

HDFC ERGO

**নতুন দিল্লি:** এইচডিএফসি ইআরজিও জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি, অসম সরকারের প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা বাস্তবায়নের জন্য অনুমোদন পেয়েছে। রবি মরসুমের জন্য কাছাড়, লখিমপুর, উদালগুড়ি এবং তিনসুকিয়া ইত্যাদি এলাকার ঋণগ্রহীতা এবং অ-ঋণি কৃষকদের জন্য এই সুবিধা থাকছে।

এই প্রকল্পটি অসম সরকার কর্তৃক প্রকল্পের অধীনে বিজ্ঞাপিত নিম্নোক্ত ফসলের জন্য জেলাগুলিতে প্রয়োগ করা হবে, যেমন, কাছাড় গ্রীষ্মকালীন ধান, আলু, মেইজ, লখিমপুর সরিষা, চিনির বেত, উদলগুড়ি গ্রীষ্মকালীন ধান, তিনসুকিয়া মাস্টার্ড ইত্যাদি।

এই প্রকল্পটি প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, শিলাবৃষ্টি, জলাবদ্ধতা, অসময়ের বৃষ্টি, মেঘ বিস্ফোরণ, প্রাকৃতিক কারণে লাগা আগুনের হাত থেকে ফসলের পাশাপাশি কৃষকদের ক্ষতির হাত থেকে বাঁচাতে শুরু করা হয়েছে। ফসলের যে কোনও ক্ষতির জন্য কৃষকরা বিমা করতে পারবেন। রাজ্য সরকার ফসলের ক্ষতি নির্ধারণ করতে পরিকল্পনা করবে এবং প্রকল্পের জন্য বিজ্ঞাপিত অঞ্চলে তালিকাভুক্ত ফসলের উপর ফসল কাটার পরীক্ষা (সিসিই) পরিচালনা করবে। যদি সিসিই-এর উপর ভিত্তি করে ফসলের তথ্য কম বলে মনে হয়, তবে কৃষকদের দাবি মেনে নেওয়া হবে।

এই প্রকল্পটি শস্যচক্রের সব পর্যায়ের জন্য বিমার সুবিধা দেবে। যার মধ্যে রয়েছে প্রাক-বপন, ফসল কাটা এবং ফসল কাটার পরে ঝুঁকি। এই প্রকল্পের অধীনে সমস্ত পণ্য অসম সরকারের কৃষি বিভাগ দ্বারা অনুমোদিত। কাছাড়, লখিমপুর, উদালগুড়ি এবং তিনসুকিয়া জেলার কৃষকরা তাদের জেলায় তাদের নিজ নিজ ব্যাঙ্ক, কমন সার্ভিস সেন্টারের (সিএসসি) সঙ্গে যোগাযোগ করতে পারেন বা উপরে তালিকাভুক্ত ফসলের জন্য এই স্কিমের অধীনে বীমা কভার পেতে অনুমোদিত এইচডিএফসি ইআরজিও এজেন্টদের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

# টেকনো স্মার্টফোনের নতুন প্রচারাভিযানে থাকছে দীপিকা পাড়ুকোন




**মুম্বই:** প্রিমিয়াম গ্লোবাল স্মার্টফোন ব্র্যান্ড, টেকনো (TECNO), বলিউড সুপারস্টার দীপিকা পাড়ুকোনকে তার ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত করে আনন্দিত, এই পদক্ষেপটি গ্রাহকদের উন্নত চাহিদার সাথে সাথে, ফ্যাশনেবল এবং সহজলভ্য থাকতে সর্বশ্রেষ্ঠ উদ্ভাবন প্রদান করবে। দীপিকা এবং টেকনো তাদের তরুণ ও উদ্যমী গ্রাহকদের বৈচিত্র্যপূর্ণ চাহিদার জন্য একটি কৌশলগত জোট গঠন করেছে।

গ্রাহকদের ক্ষমতায়নের জন্য, টেকনো এবং দীপিকা অত্যাধুনিক প্রযুক্তি বাস্তবায়নে সহযোগিতা করছে। দীপিকা, যিনি তার বুদ্ধিমত্তা এবং বহুমুখীতার জন্য বিখ্যাত, তিনি টেকনোর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে কাজ করবেন, এবং ফ্যাশনেবল প্রযুক্তিতে অ্যাক্সেসের গণতন্ত্রীকরণের প্রচার করবেন। এই পার্টনারশিপটি উৎসাহী এবং তরুণ গ্রাহকদের সাথে একটি শক্তিশালী সংযোগ তৈরী করবে, যা টেকনো ব্র্যান্ডের একটি উল্লেখযোগ্য উপস্থিতি নিশ্চিত করবে।

নতুন সহযোগিতার বিষয়ে দীপিকা পাড়ুকোন মন্তব্য করে বলেছেন, "উদ্ভাবন এবং আড়ম্বরপূর্ণ স্মার্টফোনের ব্র্যান্ড টেকনো-এর সাথে যুক্ত হতে পেরে আনন্দিত, এই পার্টনারশিপটির মাধ্যমে যেই সুযোগগুলি অফার করা হবে তা নিয়ে আমি উচ্ছ্বসিত।"

সম্প্রতি এই পার্টনারশীপ সম্পর্কে টেকনো মোবাইলের সিইও অরিজিৎ তলাপাত্র বলেন, "আমরা দীপিকা পাড়ুকোনকে টেকনোর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে ঘোষণা করতে পেরে খুশি। এই পদক্ষেপটির লক্ষ্য হল ব্র্যান্ড ইমেজ উন্নত করা এবং ব্র্যান্ডের 'স্টেপ অ্যাট নাথিং ফিলোসফি প্রচার করা।"

# একশোর বেশি দেশে ভি-এর আনলিমিটেড ফ্রি ইনকামিং দিন প্রতি ১৩৩ টাকায় অফার শুরু

**শিলিগুড়ি:** আন্তর্জাতিক ভ্রমণকে সাশ্রয়ী করতে এবং গ্রাহকদের কাছে ভ্রমণ মরসুমকে আরও উপভোগ্য করে তুলতে টেলিকম অপারেটর ভি আন্তর্জাতিক রোমিং ক্যাম্পেইন ডায়াল-আপ করেছে। 'ট্রুলি আনলিমিটেড ইন্টারন্যাশনাল রোমিং' অভিজ্ঞতা দিতে, ভি বিদেশে ভ্রমণের সময় আনলিমিটেড ফ্রি ইনকামিং অফার করছে। এছাড়াও, ভি-এর ট্রুলি আনলিমিটেড ইন্টারন্যাশনাল রোমিং প্ল্যানগুলি বিদেশ ভ্রমণে যাওয়া ভি ব্যবহারকারীদের কাছে আনলিমিটেড ডেটা এবং ভয়েস কলিং-এর (আউটগোয়িং) সুবিধা নিয়ে এসেছে।

ভি-এর আন্তর্জাতিক রোমিং পরিকল্পনার প্রতিটি প্যাক বাজেট-ফ্রেন্ডলি। সাম্প্রতিক অফারে ১০০টির বেশি দেশে বিনামূল্যে ইনকামিং কল করার সুযোগ রয়েছে। দিন প্রতি ১৩৩ টাকায় শুরু হচ্ছে অফার। ৩৯৯৯ টাকার আন্তর্জাতিক রোমিং আনলিমিটেড প্যাকও থাকছে।

নতুন স্থান হিসেবে যুক্ত হয়েছে মালদ্বীপ। ভি ব্যবহারকারীরা এখন মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য,




অস্ট্রেলিয়া, ইতালি, মালয়েশিয়া, জার্মানি, সিঙ্গাপুর, ব্রাজিল, মালদ্বীপ এবং আরও অনেক দেশের মতো ১০৫টি দেশে নির্বিঘ্নে ভয়েস কল এবং ডেটা উপভোগ করতে পারবেন।

# ১০০ টি স্টারবাস ইভি সহ বেঙ্গালুরুর শহুরে যাতায়াতকে বৈদ্যুতিক করেছে টাটা মোটরস

**কলকাতা:** বেঙ্গালুরুর মেট্রোপলিটন ট্রানজিট কর্পোরেশনের কাছে এখন টাটা মোটরসের স্টারবাস ইভি রয়েছে, যা বিদ্যুতায়িত গণপরিবহন ব্যবস্থাকে ত্বরান্বিত করবে। টিএমএল স্মার্ট সিটি মোবিলিটি সলিউশন লিমিটেড এবং বিএমটিসি একটি চুক্তি স্বাক্ষর করেছে যা ৯২১ টি বৈদ্যুতিক গাড়ির বিধান, ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণকে সম্বোধন করে। টাটা স্টারবাস ইভি, একটি স্বদেশী ডিজাইন যা মেড ইন ইন্ডিয়া এবং আত্মনির্ভর ভারত প্রোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে নিরাপদ, আরামদায়ক এবং টেকসই যাতায়াত প্রদান করে, যা বর্তমানে বিএমটিসি বহরের অংশ।

কর্ণাটকের মুখ্যমন্ত্রী শ্রী সিদ্দারামাইয়া অন্যান্য আধিকারিকদের সাথে টাটা মোটরসের স্মার্ট ইলেকট্রিক বাসের উন্মোচনে সভাপতিত্ব করেছেন। এই ঘোষণার বিষয়ে মন্তব্য করে, আইএএস, বিএমটিসি-এর ব্যবস্থাপনা পরিচালক জি সাথ্যাভাথি বলেছেন, "বিএমটিসি, শহরে টাটা মোটরসের ইলেকট্রিক বাস স্থাপন করেছে, যার লক্ষ্য কার্বন নিঃসরণ কমানো এবং জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত করে একটি পরিবেশ বান্ধব গণপরিবহন প্রদান করা।" টিএমএল স্মার্ট সিটি মোবিলিটি সলিউশনস লিমিটেডের সিইও এবং এমডি অসীম কুমার মুখোপাধ্যায় বলেছেন, "বিএমটিসি তার বহরে স্টারবাস ইভি যোগ করছে, যা উদ্ভাবনী, পরিবেশগতভাবে টেকসই পরিষেবার প্রতি অঙ্গীকার প্রদর্শন করছে। এই অত্যাধুনিক সুবিধাগুলির সাথে বাসগুলিকে ডিজাইন করা হয়েছে, যা পাবলিক ট্রান্সপোর্টের ক্ষেত্রে নিরাপত্তা, আরাম এবং শক্তি দক্ষতা বাড়াবে।"

# প্রধানমন্ত্রী জনমান প্রকল্পটি বাস্তবায়িত করতে কৌশলগত অংশীদারদের সহযোগিতা

**কলকাতা:** প্রধানমন্ত্রী জনজাতি অভিযান (পিএমযেএএনএমএএন) প্রকল্পের বাস্তবায়নের জন্য বিশেষ করে দুর্বল আদিবাসী গোষ্ঠীর (পিভিটিজি ) বাসস্থানগুলিকে উন্নত করতে ন্যাশনাল ইনস্টিটিউট ফর এন্টারপ্রেনারশিপ অ্যান্ড স্মল বিজনেস ডেভেলপমেন্ট (এনআইএসবিইউডি) এবং ট্রাইবাল কোঅপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া (টিআরআইএফইডি) একটি এমওইউ স্বাক্ষর করেছে। এই কর্মসূচির অধীনে, জোটটি বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতার দিকে প্রচেষ্টাকেএকত্রিত করবে। নিরাপদ আবাসন, স্বাস্থ্যকর পানীয় জল, এবং শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং পুষ্টির অ্যাক্সেস সহ মৌলিক সুবিধাগুলি পিএমযেএএনএমএএন প্রোগ্রাম দ্বারা উপলব্ধ করা হবে। এটি টেলিকম এবং সড়ক যোগাযোগের পাশাপাশি টেকসই জীবিকার সুযোগও প্রদান করবে। বন ধন বিকাশ কেন্দ্র (ভিডিবিকে) প্রতিষ্ঠার জন্য সম্প্রদায়ের সংহতিকে সমর্থন করার জন্য, টিআরআইএফইডি রাজ্য বাস্তবায়ন সংস্থাগুলির (এসআই), সরঞ্জাম এবং সরঞ্জাম সরবরাহ, ভিডিবিকে মানচিত্র, এবং টেকসই অর্থনীতি-সম্পর্কিত ক্রিয়াকলাপের তথ্য বিনিময় করবে। প্রশিক্ষণ মডিউল তৈরি করার জন্য,এনআইএসবিইউডি জনগণকে দল গঠন করতে, প্রশিক্ষণের প্রয়োজনীয়তা মূল্যায়ন করতে এবং মনোনীত সংস্থা বা পরামর্শদান কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য একত্রিত করা হবে। এই অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে, এমএসডিই-এর সেক্রেটারি অতুল কুমার তিওয়ারি বলেছেন, "একটি ন্যায়সঙ্গত সমাজের সন্ধানে, উপজাতীয় গোষ্ঠীর জীবিকার সুযোগগুলিকে উন্নত করতে দক্ষতা একটি রূপান্তরমূলক ভূমিকা পালন করবে।"

# উত্তর-পূর্বের আইএইচসিএল হোটেলে বিশেষ অফার

**শিলিগুড়ি:** নতুন বছরের শুরুতে, উত্তর-পূর্বের আইএইচসিএল (IHCL) হোটেলে অসাধারণ সব অফার দেওয়া হচ্ছে। বিভান্তা গুয়াহাটি, দার্জিলিং-এর তাজ চিয়া কুটির রিসোর্ট অ্যান্ড স্পা, গ্যাংটকের তাজ গুরাস কুটির রিসোর্ট অ্যান্ড স্পা, এবং ভিভান্তা পাকিয়ং-এ বিলাসবহুল থাকার ব্যবস্থা সহ অতিথিদের সেরা পরিষেবা প্রদান করা হবে। দার্জিলিং-এর তাজ চিয়া কুটির রিসোর্ট অ্যান্ড স্পা-এর নতুন বছর শুরুর অসাধারণ প্যাকেজের অফারগুলির মধ্যে রয়েছে সুস্বাদু সব খাবারের, লাইভ বিনোদন এবং পাঁচ বছরের কম বয়সী দুই শিশুর জন্য একটি প্রশংসামূলক থাকার ব্যবস্থা। পূর্ব হিমালয় রেঞ্জ, আশেপাশের ল্যান্ডস্কেপ এবং সিকিমের দৃশ্য সহ, গ্যাংটকের তাজ গুরাস কুটির রিসোর্ট এবং স্পা থাকার জন্য একটি আশ্চর্যজনক জায়গার ব্যবস্থা করেছে। এছাড়াও, এই প্যাকেজের মধ্যে রয়েছে আর্লি চেক-ইন, প্রতিদিনের ব্র্যাকফাস্ট, হোটেল ক্রেডিট, গাড়ি পরিষেবা, পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্য বিনামূল্যে থাকার ব্যবস্থা এবং একটি ঐতিহ্যবাহী সন্ধ্যার অনুষ্ঠান।

বিভান্তা গুয়াহাটি এবং ভিভান্তা সিকিম, পাকিয়ং উভয়ই নতুন বছরের শুরুতে বিলাসবহুল থাকার ব্যবস্থা করেছে। ভিভান্ত গুয়াহাটিতে ডিনার বুফে, ইউএএমআই (UAMI), জনপ্রতি ২৫০০ টাকায় একটি ভোজ উপলব্ধ রয়েছে। প্রতিদিনের ব্রেকফাস্ট, আর্লি চেক-ইন, এবং খাবার ও পানীয়ের ১৫% ছাড়ের পাশাপাশি আউটডোর এক্সকারশনগুলির মতো সুবিধা সহ, ভিভান্তা সিকিম, পাকিয়ং একটি বিলাসবহুল অবস্থানের অভিজ্ঞতা প্রদান করবে।

আরও বিস্তারিত জানার তথ্যের জন্য যোগাযোগ করুন, তাজ চিয়া কুটির রিসোর্ট অ্যান্ড স্পা দার্জিলিং- +৯১-৩৫৪২-৩৪৬০৭০, তাজ গুরাস কুটির রিসোর্ট অ্যান্ড স্পা গ্যাংটক- +৯১-৩৫৯২-২৮৫০০০, বিভান্ত গুয়াহাটি- +৯১-৩৬১৭-১০৬৭১০, এবং ভিভান্তা সিকিম পাকিয়ং +৯১-৩৫৯২-৩৫০১০০ -এই নম্বরে।

# টাটা মোটরসের ইভি-এর ক্রয় বৃদ্ধি

**কলকাতা:** ভারতে বৈদ্যুতিক গাড়ির গ্রহণযোগ্যতা নারী ক্রেতাদের মধ্যে ইভির পছন্দের উল্লেখযোগ্য বৃদ্ধি দেখা গিয়েছে যা অটোমোটিভ ল্যান্ডস্কেপে উন্নতিশীল পরিবর্তন। TATA.ev (টাটা মোটরস) বৈদ্যুতিক গাড়ির (ইভি) বিভাগে বিশেষ ভূমিকা পালন করেছে, উদ্ভাবনী অগ্রগতির মাধ্যমে ব্যাপক গ্রহণের মাধ্যমে এবং টেকসই মোবিলিটির প্রতিশ্রুতি দিয়ে। FY23-এ, কোম্পানি ৪৮,০০০-এর বেশি ইভি বিক্রি করেছে, এবং তারা ইতিমধ্যে FY24-এর H1-এ ৩৭,০০০-এর বেশি ইভি বিক্রি করেছে। এই পরিসংখ্যানগুলি ইভিগুলির বিশেষ চাহিদা নির্দেশ করে কারণ বাজার পরিপক্ক হতে চলেছে এবং গ্রহণের বাধাগুলি হ্রাস পাচ্ছে। বিভিন্ন ফিচারযুক্ত TATA.ev-এর সাম্প্রতিক ডেটা, বিশ্লেষণ এবং গ্রাহকের প্রতিক্রিয়াগুলি অটোমোটিভ শিল্পের ল্যান্ডস্কেপ পুনর্নির্মাণকারী বিভিন্ন কারণের দ্বারা চালিত উল্লেখযোগ্য সাফল্য। Tia-go.ev ক্রেতাদের প্রায় ২২% নারী, যা ৪-হুইলারের জন্য শিল্প গড় দ্বিগুণ। ইভি বিক্রয়ে সর্বোচ্চ অনুপ্রবেশ সহ শীর্ষ তিনটি অঞ্চল হল: কেরালা: ইভি বিক্রয়ে ওভারঅল ৩৫%, গোয়া: ইভি বাজারে ২৬% এর উল্লেখযোগ্য অবদানের সাথে ঘনিষ্ঠভাবে অনুসরণ করা, এবং চণ্ডীগড়: ইভি বিক্রিতে ২১% এর তৃতীয় অবস্থানে রয়েছে।

# ডাঃ হরিকৃষ্ণান পার্থসারথির উপস্থিতিতে প্রেস মিট আয়োজন

**শিলিগুড়ি:** অ্যাপোলো স্পেশালিটি হাসপাতাল ভানারাম, প্রফেসর হরিকৃষ্ণান পার্থসারথির উপস্থিতিতে শিলিগুড়ির রাজদরবার হোটেল অ্যান্ড ব্যাঙ্কুয়েট, হিল কার্ট রোড, মহানন্দা সেতুর কাছে, শিলিগুড়ি জংশনে ১৬ই ডিসেম্বর, সন্ধ্যা ৭:৩০ টায় একটি প্রেস মিটের আয়োজন করা হয়েছিল।



ডাঃ হরিকৃষ্ণান পার্থসারথি হলেন একজন বিখ্যাত এমডি (জেন মেড), এমডি (কার্ডিওভাসকুলার রিসার্চ, ইউকে) এমআরসিপি (লন্ডন, ইউকে), সিসিএসটি-কার্ডিও (কেমব্রিজ, ইউকে), ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল কার্ডিওলজি (টরন্টো, কানাডা), এফআরসিপি-ইউকে, FS-CAI- USA, ভানারামের অ্যাপোলো স্পেশালিটি হাসপাতালের একজন সিনিয়র কনসালটেন্ট ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট। প্রেস মিটে তিনি বুকে ব্যথা, স্ট্রেস, ডায়াবেটিস, শ্বাসকষ্ট, উচ্চ কোলেস্টেরল, বসে থাকা জীবনযাত্রা, উচ্চ রক্তচাপ, অতিরিক্ত ওজন এবং হার্ট অ্যাটাকের পারিবারিক ইতিহাস সম্পর্কে তথ্য প্রদান করেছেন। ডঃ হরিকৃষ্ণান পার্থসারথি ট্রান্সক্যাথেটার অ্যাওর্টিক ভালভ ইমপ্লান্টেশন (TAVI) একটি পদ্ধতির ব্যবহারের উপর জোর দিয়েছেন। অ্যাওর্টিক ভালভ বাম নীচের হার্ট চেম্বার এবং শরীরের প্রধান ধমনীর মধ্যে অবস্থিত। টিএভিআই ন্যূনতম আক্রমণাত্মক, যার মানে এটি ওপেন-হার্ট ভালভ সার্জারির চেয়ে ছোট ছেদ ব্যবহার করে। এটি এমন লোকদের জন্য একটি বিকল্প হতে পারে যারা হার্ট সার্জারি করতে পারে না মহাধমনী ভালভ প্রতিস্থাপন করার জন্য। টিএভিআই বুকের ব্যথা, শ্বাসকষ্ট এবং অ্যাওর্টিক ভালভ স্টেনোসিসের অন্যান্য উপসর্গ কমাতে সাহায্য করতে পারে।

# বছরের শেষে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের প্রতিষ্ঠাতা উদয় কোটক-এর পরিকল্পনার প্রতিফলন

**কলকাতা:** কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের প্রতিষ্ঠাতা, উদয় কোটক, ভারতের আর্থিক ভবিষ্যতের জন্য টুইটারে বছর-শেষের বক্তৃতায় তাঁর কৌশলগত দৃষ্টিভঙ্গি শেয়ার করেছেন। দেশকে তার লক্ষ্যের দিকে পরিচালিত করার জন্য, তিনি শিল্পের পুঙ্খানুপুঙ্খ মূল্যায়নের প্রয়োজনীয়তার উপর জোর দেন। দেশকে তার লক্ষ্যের দিকে পরিচালিত করার জন্য, তিনি শিল্পের পুঙ্খানুপুঙ্খ মূল্যায়নের প্রয়োজনীয়তার উপর জোর দেন। কোটাকের মতে, ইস্যুকারী/বিনিয়োগকারী এবং সঞ্চয়কারী/ঋণ গ্রহীতার মডেলগুলির মধ্যে ইতিমধ্যে প্রতিযোগিতা চলছে, এবং ভারত সঞ্চয়কারীদের দেশ থেকে বিনিয়োগকারী দেশে বিকশিত হচ্ছে। তিনি মিউচুয়াল ফান্ড প্ল্যাটফর্মের উত্থান, নগদ ইক্যুইটি এবং ডেরিভেটিভ বাজারের সম্প্রসারণ, বীমা তহবিল, ভারতে গ্লোবাল প্রাইভেট ইক্যুইটি এবং স্টকের জন্য অগ্রাধিকারমূলক ট্যাক্স চিকিত্সা সহ বিনিয়োগকারীদের মধ্যে সঞ্চয়কারীদের রূপান্তরিত হওয়ার বিভিন্ন কারণ তালিকাভুক্ত করেছেন। কোটাক স্থির বৃদ্ধির গল্প তৈরি করার জন্য আইন, প্রবিধান, শিক্ষা এবং উচ্চ-মানের কাগজের প্রাপ্যতার মাধ্যমে বুদবুদ প্রতিরোধ করার সুপারিশ করেছেন। ব্যবসার বিনিয়োগের উদ্দেশ্যে মূলধনের কম খরচে ইক্যুইটির বৃদ্ধি করতে হবে। উপরন্তু, তিনি লভ্যাংশের দ্বৈত ট্যাক্সেশন এবং আর্থিক বাজারগুলিকে কারসাজি করার জন্য কম খরচে ধার হিসাবে ডেরিভেটিভের ব্যবহার পর্যালোচনা করার পরামর্শ দিয়েছেন। আমানত এবং তহবিল খরচ নিয়ে ব্যাংকিং শিল্পের সমস্যা তৈরী হয় যখন সঞ্চয়কারীরা বিনিয়োগকারীতে রূপান্তরিত হয়। কর্পোরেট ঋণ বিতরণের জন্য ব্যাংকগুলি ব্যবহার করার পরিবর্তে, বড় কর্পোরেট সেক্টরকে পুঁজিবাজারে স্থানান্তরিত করতে হবে। কোটাক জোর দিয়েছিলেন যে নিয়ন্ত্রণ এবং উন্নয়নের দায়িত্বগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখা এবং একটি পূর্ববর্তী কর এবং নিয়ন্ত্রক ব্যবস্থা প্রতিরোধ করা গুরুত্বপূর্ণ।